# শিশুরা আব্রাহামের মত যীশুকে বিশ্বাস করে

**প্রার্থনা ঃ** ''প্রিয় স্বর্গীয় পিতা, শিশুদের মধ্যে বিশ্বাস তৈরী করার জন্য পবিত্র আত্মার দ্বারা এই অধ্যয়নটিকেব্যবহার কর। প্রকৃত বিশ্বাসে এবং আন্তরিক অনুরোধের মাধ্যমে প্রতিদিন প্রার্থনা করতে তাদের সাহায্য করুন। যীশুর নামে এই প্রার্থনা চাই, আমেন।''

শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপ বাছুন।


আব্রাহামের বিশ্বাসের জীবনের প্রধান ঘটনাগুলো শিশুদের জন্য সংক্ষিপ্ত ঃ

১) **আব্রাহাম বিশ্বাসে যাত্রা করেছিলেন।** আব্রাহাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন। তিনি তাঁর দেশ ত্যাগ করেছিলেন, সেই দেশ ধনী ছিল, কিন্তু প্রতিমা পূজা করত। যেহেতু তিনি ঈশ্বরে বিশ্বাস করেছিলেন, তিনি তাঁর পরিবারসহ অজানা দেশের উদ্দেশে যাত্রা করেছিলেন। (আদি ১২ অধ্যায়)

২) **আব্রাহাম বিশ্বাসে উদারভাবে দান করেছিলেন।** আব্রাহামের পশু পালকগণ এবং তাঁর ভাইয়ের পুত্র লোটের পশুপালকগণ তাদের গরু ও মেষদের উত্তম চারণ ক্ষেত্র নিয়ে অবিরাম লড়াই করত। যেহেতু আব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করতেন, তিনি কলহ এড়ানোর জন্য সবচেয়ে উত্তম ভূমি পছন্দ করেছিল, কিন্তু ঈশ্বর আব্রাহামকে আশীর্ব্বাদ করেছিলেন। (আদি ১৩ অধ্যায়)

৩) **আব্রাহাম বিশ্বাসে সাহসের সঙ্গে যুদ্ধ করেছিলেন।** লোট পাগানদের সমৃদ্ধশালী সদোম নগরী বাস করার জন্য মনোনীত করেছিলেন। একদিন পাঁচজন মন্দ রাজা সদোম দখল করে লোকদের দাসরূপে গ্রহন করেছিল এবং তাদের মূল্যবান দ্রব্যসামগ্রী দখল করেছিল। যাইহোক, আব্রাহাম এবং তার পশুপালকেরা সেই পাঁচজন রাজাকে পরাজিত করেছিল, এবং লোটের পরিবার এবং লোকদের উদ্ধার করেছিল। সেইজন্য, সদোমের রাজা আব্রাহামের কাছে প্রার্থনা করেছিলেন, তিনি যেন দ্রব্যসামগ্রী রেখে দিয়ে তার বন্দী লোকদের ফিরিয়ে দেন। আব্রাহাম দ্রব্যসামগ্রী এবং লোকদের রাজার কাছে ফিরিয়ে দিয়েছিলেন। (আদি ১৪ অধ্যায়)

- শিশুদের জিজ্ঞাসা করুন, আকাশের নক্ষত্রসমূহ গণনা করতে কত সময় লাগবে। ব্যাখ্যা করুন, এটা কত মহান বিষয় যে আব্রাহাম ঈশ্বরের প্রতিজ্ঞাতে বিশ্বাস করেছিলেন যে তাঁর বংশ একদিন এই নক্ষত্রের মত বৃদ্ধি পাবে।
- শিশুদের বলুন, তারা যেন প্রতিদিন ব্যক্তিগতভাবে এবং পারিবারিক ভাবে প্রার্থনা করে।



**আব্রাহাম যা দেখেছিলেন**

৪) **আব্রাহাম ঈশ্বরের প্রতিজ্ঞা বিশ্বাস করেছিলেন।** ঈশ্বর আব্রাহামের সঙ্গে অনন্তকালীন চুক্তি করেছিলেন, তিনি তাঁর বংশধরদের মাধ্যমে সমগ্রজাতিকে আশীর্ব্বাদের প্রতিজ্ঞা করেছিলেন। যাইহোক, শিশু জন্মদানের পক্ষে তাঁর স্ত্রী সারার বয়স অনেক বেশী হয়েগেছিল। একদিন ঈশ্বর আব্রাহামকে আকাশের নক্ষত্ররাশির প্রতি দৃষ্টিপাত করতে বলেছিলেন। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন, তিনি যত নক্ষত্র দেখতে পাচ্ছেন, তিনি তঁার বংশকে ততবেশী গুন বৃদ্ধি করবেন। আব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করেছিলেন, যিনি আব্রাহামের বিশ্বাসকে তঁার ধার্মিকতা সরূপ গণ্য করেছিলেন। ঈশ্বর সারাকে ইসাহাকের জন্ম দিতে সক্ষম করে তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন। আজকের দিনে, ঈশ্বর আব্রাহামের বংশ যীশুর মাধ্যমে সমুদয় জাতিকে আশীর্ব্বাদ করছেন। (আদি ১৫,১৭ এবং ২১ অধ্যায়)



**জগতের সমুদয় জাতি**

৫) **আব্রাহাম বিশ্বাসে প্রার্থনা করেছিলেন।** একদিন সদাপ্রভুর দূত আব্রাহামকে বলেছিলেন যে তিনি সদোমের লোকদের ধ্বংস করতে যাচ্ছেন, কারণ তারা অত্যন্ত দুষ্ট হয়ে গেছে। আব্রাহাম লোট ও তার পরিবারের প্রাণরক্ষার কারণে সদাপ্রভু তাদের রক্ষা করার জন্য দূতদের প্রেরণ করেছিলেন। তারপর তিনি আকাশ থেকে সদোমের ওপর অগ্নি বর্ষণ করে সম্পূর্ণরূপে সদোম ধ্বংস করেছিলেন। (আদি ১৮-১৯ অধ্যায়)

৬) **আব্রাহাম বিশ্বাসে ঈশ্বরের এক হৃদয় বিদারক আজ্ঞার বাধ্য হয়েছিলেন।** একদিন ঈশ্বর আব্রাহামের বিশ্বাসের পরীক্ষা করতে চেয়েছিলেন, তিনি তাঁর একমাত্র পুত্র ইসাহাককে বলিদানের আদেশ দিয়েছিলেন, যার মাধ্যমে ঈশ্বরের সমস্ত প্রতিজ্ঞা পূর্ণ হবে। ঈশ্বর তাকে মৃত্যু থেকে জীবনে ফিরিয়ে আনতে সক্ষম, এই বিশ্বাসে আব্রাহাম তাঁর সন্তানকে বলিদান করতে প্রস্তুত হয়েছিলেন। হঠাৎ, ঈশ্বর তাঁর পুত্রের পরিবর্তে বলিদানের জন্য একটি মেষ যুগিয়ে দিয়েছিলেন। ( আদি ২২ অধ্যায়; ইব্রীয় ১১ঃ১৭-১৯)।

৭) **আব্রাহামের উত্তম কার্য প্রদর্শন করেছিল যে তাঁর মহান বিশ্বাস ছিল।** ঈশ্বর আব্রাহামকে ধার্মিকরূপে গণ্য করেছিলেন এবং তাঁর বিশ্বাসের জন্য তাঁকে আশীর্ব্বাদ করেছিলেন, তাঁর উত্তম কাজের জন্য করেন নি। আব্রাহামের বিশ্বাসই তাঁকে উত্তম কাজের প্রতি পরিচালিত করেছিল। (যাকোব ২ঃ২১-২৪)


চারজন বড় শিশুকে বিশ্বাসের ব্যাখ্যা প্রদর্শন করার জন্য চারটি বিষয় খুঁজতে যেতে বলুন। এটা যদি খুব কঠিন হয়, তবে সেই চারটি বিষয়ের সহজ ছবি আঁকুন।

**একটি সাবান,**

**একটি ছুরি**

**একটি ছোট বোতল**

**একটি ক্রুশ** (দুটো লাঠি একসাথে বাঁধুন)



**ক্রুশ তৈরীর জন্য দুটো লাঠি শক্ত করে বাঁধুন**

- **প্রথম শিশু ঃ** সাবানটা দেখিয়ে জিজ্ঞাসা করবে, ''আমরা কি সাবান দিয়ে আমাদের পাপ ধুয়ে দূর করতে পারব?'' (শিশুদের উত্তর দিতে দিন।)
- **দ্বিতীয় শিশু ঃ** ছুরি দেখিয়ে বলবে, ''চিকিৎসককি ছুরি দিয়ে আমাদের পাপ কেটে বের করতে পারবে?''
- **তৃতীয় শিশু ঃ** বোতল দেখিয়ে জিজ্ঞাসা করবে, ''আমরা কি ওষুধ দিয়ে আমাদের পাপের আরোগ্য লাভ করতে পারি?''
- **চতুর্থ শিশু ঃ** ক্রুশ দেখিয়ে জিজ্ঞাসা কারে, ''কি আমাদের পাপ দূর করতে পারবে?''

**ব্যাখ্যা ঃ** ''একমাত্র ক্রুশের ওপর সেচিত খ্রীষ্টের রক্ত আামাদের পাপ ধৌত করতে পারে। আমাদের অবশ্যই যীশুর ওপর আস্থা রাখতে হবে। তিনি আমাদের পাপের ক্ষমার জন্য এবং আমাদের অনন্ত জীবন দানের জন্য মৃত্যু বরণ করেছিলেন এবং মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন।

**নাট্যরূপ ঃ** আব্রাহামের গল্পের কয়েকটি অংশ নাট্যরূপ দিন। আরাধনার নেতার মাধ্যমে নাটকটি এবং ওপরের চারটি ব্যাখ্যা প্রদর্শন উপস্থাপনের ব্যবস্থা করুন।

- বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের ঈশ্বরের কণ্ঠস্বর এবং আব্রাহামের ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের সারা এবং পরিচারকদের ভূমিকায় অভিনয় করতে দিন।

**ঈশ্বরের কন্ঠস্বর ঃ** ''আব্রাহাম, তুমি যেহেতু আমার প্রতিজ্ঞায় বিশ্বাস করেছ, সেহেতু আমি তোমার বংশ আকাশের তারার ন্যায় বৃদ্ধি করব। তুমি সবকিছু করতে পার।''

**আব্রাহাম ঃ** আকাশের দিকে তাকাবে। তারপর বলপবে, ''নক্ষত্ররাজী আমার গণনা অপেক্ষা অধিক। হে সর্বশক্তিমান ঈশ্বর, আমি তোমাকে বিশ্বাস করি। তুমি সব কিছু করতে পার।''

**ঈশ্বরের কন্ঠস্বর ঃ** ''তুমি যেহেতু আমাকে বিশ্বাস করেছিলে, সেহেতু আমি তোমাকে ধার্মিকরূপে গণনা করেছি এবং আমি তোমাকে আশীর্ব্বাদ করব এবং আমি তোমার এক বংশধরের মাধ্যমে সমুদয় জাতিকে আশীর্ব্বাদ করব।''

**আব্রাহাম ঃ** ''কিন্তু আমার কোন সন্তান নেই এবং আমার স্ত্রী সারা বৃদ্ধা, তারপক্ষে সন্তান জন্ম দেওয়া সম্ভব নয়।''

**ঈশ্বরের কন্ঠস্বর ঃ** ''আমাকে বিশ্বাস কর। তোমার স্ত্রী একটি পুত্র সন্তানের জন্ম দেবে।''

**আব্রাহাম ঃ** সারার কাছে গিয়ে বলবে, ''ঈশ্বর প্রতিজ্ঞা করেছেন যে তুমি একটি সন্তানের জন্ম দেবে।''

**সারা ঃ** হাসবে। তারপর পরিচারকদের বলবে, ''তোমরা কি আব্রাহামের কথা শুনেছ? সে বলছে আমার একটা সন্তান হবে।''

**পরিচারকগণ ঃ** হাসতে হাসতে এই ধরনের কথা বলবে, ''কিন্তু সন্তান জন্মদানের পক্ষে আপনার বয়স অনেক বেশী হয়ে গেছে!''


''কে আব্রাহামের কাছে এমন প্রতিজ্ঞা করেছে?''

''এটা একটা তামাশা ছাড়া আর কিছুই না!''

**আব্রাহাম ঃ** যারা শুনছে তাদের সবাইকে বলবেন, ''ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন। তিনি অলৌকিক কাজ করেছিলেন। সারা আমার সন্তান ইসাহাকের জন্ম দিয়েছিলেন। ইসাহাকের বংশের মাধ্যমে সমুদয় জাতি আশীর্ব্বাদ লাভ করবে। তিনি হলেন যীশু।'' (যারা এই নাটকটি করতে সাহায্য করেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ)।

শিশুদের একটি আগ্নেয়গিরির ছবি আঁকতে দিন। বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন। আরাধনার সময় তারা ছবিগুলো দেখাবে এবং ব্যাখ্যা করবে ঃ

- আগ্নেয়গিরি গলিত অগ্নিলাভা দ্বারা লোকদের হত্যা করে, সদোমের দুষ্ট লোকেরা যেমন আকাশ থেকে পতিত অগ্নিশিখা দ্বারা মারা পড়েছিল।
- যারা যীশুকে জানে না তাদের জন্য কেন আমরা প্রার্থনা করি এটা সেই বিষয়টি প্রদর্শন করে, ঠিক যেমন আব্রাহাম অগ্নি থেকে উদ্ধারের জন্য লোটের পরিবারের জন্য প্রার্থনা করেছিলেন।



**কবিতা ঃ** গীত ৩৪ এর ৪,৭,৮ এবং ৯ পদগুলো চারজন শিশুর প্রত্যেককে একটি করে আবৃত্তি করতে দিন।

বড় শিশুদের আব্রাহাম এবং তাঁর প্রার্থনার বিষয়ে ছোট কবিতা অথবা গান লিখতে দিন।

**মুখস্থ পদ ঃ** ইব্রীয় ১১ঃ১

**প্রার্থনা ঃ** ''প্রভু আমাদের জন্য তোমার প্রতিজ্ঞার নিমিত্ত ধন্যবাদ। তুমি যা বলেছ তা করার বিষয় আমাদের তোমার প্রতি আস্থা আছে। আমরা আব্রাহামের মত তোমাকে বিশ্বাস করি। তাঁর মত আমাদেরও অন্যদের জন্য প্রার্থনা করতে সাহায্য কর।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net